

ঢাকা শিক্ষা বোর্ড কর্মচারী ইউনিয়নের অভিষেক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী
বোর্ডের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে

ঢাকা, ২৬ সেপ্টেম্বর

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বোর্ডের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা এবং এর সুনাম অক্ষুণ্ন রাখতে কর্মকর্তা-কর্মচারী সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। জনগণের প্রতি দায়বদ্ধ থেকে কাজ করতে হবে।

শিক্ষামন্ত্রী আজ ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড অডিটোরিয়ামে শিক্ষা বোর্ডের নব-নির্বাচিত কর্মচারী ইউনিয়নের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, এসএসসি ও এইচএসসি পরীক্ষার তারিখ নিদিষ্ট করে দেয়া হয়েছে এবং ৬০ দিনের মধ্যে পরীক্ষার ফলাফল ঘোষণা করা হচ্ছে। ছাত্রছাত্রীদের সংখ্যাও আগের চেয়ে অনেক বৃদ্ধি পেয়েছে। ফলে বোর্ডের কাজ অনেক বৃদ্ধি পেয়েছে। বোর্ডের সকলের আন্তরিক চেষ্টার ফলে সময়মত পরীক্ষা নেয়া এবং ফলাফল প্রকাশ সম্ভব হচ্ছে। এটা অব্যাহত রাখতে হবে।

কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. বাবুল আকনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার চেয়ারম্যান প্রফেসর মো. মাহাবুবুর রহমান ও সচিব মো. শাহেদুল খবির চৌধুরী এবং কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. জালাল উদ্দিন বক্তৃতা করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯